



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur

www.dgc.edu.bd

স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/কলেজ ম্যাগাজিন/২০২৬/৬৬

তারিখ: ০১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ


সংশোধিত বিজ্ঞপ্তি

বিষয়: কলেজ ম্যাগাজিনের জন্য লেখা আহ্বান


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর-এর উদ্যোগে একটি কলেজ ম্যাগাজিন/২০২৬ প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত ম্যাগাজিনে লেখা প্রকাশের জন্য সম্মানিত শিক্ষক, কর্মচারী ও ছাত্রছাত্রীদের নিম্নলিখিত বিষয় ও শর্ত অনুযায়ী আগামী ০৫/০৪/২০২৬ তারিখের মধ্যে লেখা জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১। লেখার বিষয়বস্তু	:	কবিতা, ছোটগল্প, প্রবন্ধ, রম্যরচনা, স্মৃতিকথা, ভ্রমণ কাহিনি, সায়েন্স ফিকশন, ঐতিহাসিক গবেষণামূলক প্রবন্ধ ও প্রামাণ্য ঘটনা নিয়ে লেখা। কলেজের বিভিন্ন বিভাগের ইভেন্ট, শিক্ষাসফর, নবীনবরণ, সেমিনার, সাংস্কৃতিক ক্ষেত্রে শিক্ষক ও ছাত্রছাত্রীদের সংক্ষিপ্ত পরিচিতিসহ বিভিন্ন অর্জনের ছবিও প্রেরণ করা যাবে।
২। লেখা জমাদানের পদ্ধতি	:	লেখা বিজয় SutonnyMJ ফন্টে কম্পোজকৃত হার্ড কপি ও ই-মেইলে সফট কপি জমা দিতে হবে। একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের উচ্চ মাধ্যমিক শাখার তত্ত্বাবধায়কের নিকট, অনার্স ও মাস্টার্স শ্রেণির শিক্ষার্থীদের স্ব স্ব বিভাগীয় প্রধানের নিকট পূর্ণ পরিচয় (নাম, বিভাগ, শিক্ষাবর্ষ, ক্লাস রোল) উল্লেখপূর্বক সুপারিশসহ এবং ডিগ্রি (পাস) কোর্সের শিক্ষার্থীদের পরিচয়পত্রের ফটোকপিসহ লেখা জমা দিতে হবে। সকল ধরনের লেখা ও ছবি পাঠানোর ই-মেইল ঠিকানা: writerbishwajit2025@gmail.com
৩। লেখা জমা দেয়ার স্থান	:	(ক) উচ্চ মাধ্যমিক শাখার (একাদশ ও দ্বাদশ) ছাত্রছাত্রী ও কর্মচারীদের জন্য তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, দিনাজপুর সরকারি কলেজ (খ) ডিগ্রি (পাস), অনার্স ও মাস্টার্স শ্রেণির শিক্ষক, ছাত্রছাত্রী ও কর্মচারীদের জন্য জনাব বিশ্বজিৎ দাস, সহযোগী অধ্যাপক, পদার্থবিদ্যা বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ
৪। লেখা ও ছবি জমা দেয়ার শেষ তারিখ	:	০৫/০৪/২০২৬ খ্রিষ্টাব্দ

প্রতিস্বাক্ষরিত


(প্রফেসর মোঃ লুৎফর রহমান)
অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


(বিশ্বজিৎ দাস)
আহ্বায়ক

ম্যাগাজিন প্রকাশনা কমিটি

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ
৩. তত্ত্বাবধায়ক, ডিগ্রি (পাস) কোর্স, দিনাজপুর সরকারি কলেজ
৪. তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, দিনাজপুর সরকারি কলেজ
৫. অফিস কপি